পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/৭৮০ তারিখ ঃ ১০/০৭/২০১৭ ইং

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন দপ্তরের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

পদের নাম, বেতনস্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১) রেজিস্ট্রার (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)	১টি	প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকোত্তর/ সরকার কর্তৃক স্বীকৃত সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-রেজিস্ট্রার/তদূর্ধ পদে ০৪ (চার) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৬ (ষোল) বছর অফিস পরিচালনা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স নূন্যতম ৪৫ বছর।
(২) পরিচালক (হিসাব) (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)	১টি	প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে বাণিজ্যে স্নাতকোত্তর (হিসাববিজ্ঞান/ ফিন্যান্স) ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের গ্রেড প্রাপ্তদের এবং সিএ কোর্স সম্পন্নকারী/ সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক (অর্থ ও হিসাব)/তদূর্ধ পদে ০৪ (চার) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৬ (ষোল) বছর অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকতে হবে। বয়স নূন্যতম ৪৫ বছর।
(৩) পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)	১টি	প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকোত্তর/ সরকার কর্তৃক স্বীকৃত সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস)/তদূর্ধ পদে ০৪(চার) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৬ (ষোল) বছর পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স নূন্যতম ৪৫ বছর।
(৪) পরীক্ষা নিয়ন্ত্রক (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩)	১টি	প্রার্থীকে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকোত্তর/ সরকার কর্তৃক স্বীকৃত সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোন একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক/ তদূর্ধ পদে ০৪ (চার) বছর চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৬ (ষোল) বছর পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ সংক্রান্ত প্রশাসনিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স নূন্যতম ৪৫ বছর।

* উল্লেখ্য যে, ০৪/০৩/২০১৭ ইং তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১৬৯ নং স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা ইতোমধ্যে রেজিস্ট্রার, পরিচালক (হিসাব), পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) ও পরীক্ষা নিয়ন্ত্রক পদে আবেদন করেছেন তাঁদের আর আবেদন করার প্রয়োজন নেই।

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ৩১/০৭/২০১৭ ইং।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, প্রশাসনিক ইউনিট, বাড়ী নং- ০৭৭৪-০০১, দক্ষিণ রাঘবপুর-৫, ঢাকা রোড, পাবনা, বরাবরে উক্ত তারিখের (৩১/০৭/২০১৭ ইং) মধ্যে কার্যদিবসে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) (ক) সকল পদের প্রার্থীদের ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা প্রার্থীদের ক্ষেত্রে বর্ণিত শর্তাদির মধ্যে বয়সের শর্ত শিথিলযোগ্য।

৫) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬) মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকুলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৭) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮) প্রত্যেক প্রার্থীর তার প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা প্রার্থী, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

৯) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষা/ সাক্ষাৎকার এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** এর অনুকুলে জনতা ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১১) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

১০/০৭/১৭

অতিরিক্ত রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।